ভূমিকম্পে ঢাবিতে হলের ছাদ থেকে লাফ দিয়ে ভিপিসহ ৬ শিক্ষার্থী আহত



সংগৃহীত ছবি

ঢাকায় ভূমিকম্পের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাজী মুহসীন হলের তিনতলা ও মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের চারতলা থেকে লাফ দেওয়ায় ছয় শিক্ষার্থী আহত হয়েছেন। আহতদের মধ্যে হল সংসদের ভিপি সাদিক হোসেনও রয়েছেন। গুরুতর আহত একজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে।

আহতদের মধ্যে আরও রয়েছেন অর্থনীতি বিভাগের আব্দুল্লাহ আল তানবীর, সাংবাদিকতা বিভাগের আনজির হোসেন ও জুলফিকার আলী। বাকি দুই শিক্ষার্থীর নাম পরিচয় নিশ্চিত হয়নি।

হলগুলোর কক্ষের জিনিসপত্র তছনছ হয়ে গেছে। আবাসিক শিক্ষার্থী আব্দুল্লাহ আল মামুন বলেন, "১০৫ নাম্বারের কক্ষে সব জিনিসপত্র পড়ে গেছে। আমরা এসে দেখেই চমকে গেছি।"

ভূমিকম্পটি ইউএসজিএস-এর তথ্য অনুযায়ী ৫.৫ মাত্রার এবং নরসিংদী কেন্দ্র। এর উৎপত্তি ভূ-গভীর মাত্র ১০ কিলোমিটার।

পূর্বাভাসে রাজধানীর মানুষ আতঙ্কিত হয়ে ঘর থেকে বের হন। ফায়ার সার্ভিস এখনো হতাহতের বা ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য জানায়নি।

LENS ASIA